



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ২৬৩৭৯

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-২০১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১২২/ ২৪৬৭

তারিখঃ ২০/০৩/২০১৭খ্রিঃ


বিষয় : সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১) স্মারক নং- ০৫.৮৬৮.০০২.০২০০.০০৮.২০১৭-৩৪০; তারিখঃ ২০-০২-২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১২২/২২০৪; তারিখঃ ১১-১২-২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলাধীন বাটাজোড় আলিম মাদরাসার অধ্যক্ষ গভার্ণিং বডি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন করেন। অপরদিকে প্রস্তাবিত গভার্ণিং বডি গঠনের ক্ষেত্রে বিদ্যমান বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়নি মর্মে মাদরাসার ছাত্র অভিভাবক জনাব মোঃ আসাফুর রহমান শেখ একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন।

অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, জিয়ানগর, পিরোজপুরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভাঃ প্রাঃ), জিয়ানগর, পিরোজপুর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্র ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারী জনাব মোঃ আসাফুর রহমান শেখ কোন অভিযোগ দাখিল করেননি এবং অভিযোগপত্রে প্রদত্ত স্বাক্ষর তাঁর নয়। এছাড়া তদন্তে 'মনোনয়নপত্র বিতরণ, জমা গ্রহণ, বাছাই এবং প্রত্যাহার কার্যক্রম ক্রটিপূর্ণ। ভোটার তালিকায় মৃত ভোটার, ডাবল ভোটার এবং শিক্ষার্থী অন্য প্রতিষ্ঠানে পড়ে এমন ভোটার রয়েছে' মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় ক্রটিপূর্ণ ম্যানেজিং কমিটি গঠনের বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা আগামী ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বাটাজোড় আলিম মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।

নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১২২/

তারিখঃ /০৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. উপজেলা নির্বাহী অফিসার, জিয়ানগর, পিরোজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জিয়ানগর, পিরোজপুর।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪